



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ৯৭

তারিখঃ ০৭ জুলাই ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

জাতীয় মানবাধিকার কমিশনের সহায়তায় মুক্তি পেল নিরপরাধ সালাম ঢালী

আসামির নাম, বাবার নামের এবং ঠিকানার একাংশের মিল থাকায় বিনা অপরাধে জেলে থাকা সালাম ঢালীকে কমিশনের প্যানেল আইনজীবীর মাধ্যমে আইনি সহায়তা দিয়ে মুক্তির ব্যবস্থা করে জাতীয় মানবাধিকার কমিশন। গণমাধ্যমে ‘আসামি না হয়েও জেল খাটছেন খুলনার সালাম ঢালী’ শীর্ষক সংবাদ প্রকাশিত হওয়ার পর কমিশন স্বতঃপ্রণোদিত আমলে নিয়ে বাগেরহাটের জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে তার মুক্তির জন্য আবেদন করে। এর প্রেক্ষিতে গতকাল আদালত সালাম ঢালীকে মুক্তির আদেশ দেন। কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি বলেন, “নিরপরাধ হয়েও সালাম ঢালী জেল খেটেছেন যা মানবাধিকারের চরম লঙ্ঘন। এই ঘটনা জাহালম ঘটনার পুনরাবৃত্তি। একের পর এক এধরনের ঘটনা ঘটছে যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। সঠিক যাচাই বাছাই না করে নিরপরাধ ব্যক্তিকে আটক রোধে যথোপযুক্ত কার্যকর পদক্ষেপ গ্রহণ করা আবশ্যিক বলে মনে করে জাতীয় মানবাধিকার কমিশন। উক্ত ঘটনার পুনরাবৃত্তি রোধে দায়ীদের শাস্তি নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের সতর্ক করার জন্য সরকারের বরাবর পত্র প্রেরণ করা হচ্ছে।

খন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ